

Data Entry Manual of Groundwater Surveillance and Monitoring (GSM) Database

- ১। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এর অফিসিয়াল ওয়েবসাইটে প্রবেশ করুন। সফল করে নিচের দিকে যান এবং “গবেষণা ও উন্নয়ন সংক্রান্ত” বক্সে “ভূগর্ভস্থ পানির উৎসের নিরীক্ষন ডাটাবেস (জেলা ও উপজেলা)” অপশন এ ক্লিক করুন।
- ২। প্রদর্শিত ছকে ‘Sign In’ পেজ এ প্রবেশ করার লিঙ্ক, ‘Username’ ও ‘Password’ হিসেবে ব্যবহৃত জেলা/উপজেলার নামের বানানসহ তালিকা, ডাটাবেসে ডাটা এন্ট্রি ম্যানুয়াল, স্থায়ী অবসারভেশন ওয়েল এর তালিকা, ডাটা এন্ট্রির ভিডিও টিউটোরিয়াল প্রভৃতি সংরক্ষিত রয়েছে।
- ৩। ‘Sign In’ পেজ এ প্রবেশ করার জন্য উক্ত ছকে ‘ভূগর্ভস্থ পানির উৎসের নিরীক্ষন ডাটাবেস’ লেখাটির ডান পাশে ‘Link’ লেখা আইকনটিতে চাপুন।
- ৪। ‘Username’ ও ‘Password’ লিখে সাইন ইন করুন। উল্লেখ্য, ছোট হাতের লেখা জেলা/উপজেলার নামই হলো ‘Username’ ও ‘Password’। যে সকল জেলা/উপজেলার নাম ২ শব্দ বিশিষ্ট, সে সকল নামের মাঝে ড্যাশ (-) চিহ্ন বসবে। যেমনঃ ‘bagerhat-sadar’, ‘faridpur-sadar’ ইত্যাদি।
- ৫। নাম ও পদবীসহ অন্যান্য তথ্য ‘Edit’ বাটন-এ চেপে হালনাগাদ করুন। তথ্য দেয়া সম্পন্ন হলে ‘Save’ বাটন-এ চাপুন।
- ৬। প্রদানকৃত তথ্যগুলো ঠিক আছে কিনা ভালভাবে দেখে নিন। ঠিক থাকলে ‘Acknowledgement’ বাটন-এ চাপুন।
- ৭। পানির স্থিতিতল ও গুণগত মানের তথ্য প্রদানের জন্য প্রথমে পরিদর্শন (অবসারভেশন) নলকূপ রেজিস্টার করতে হবে। গবেষণা ও উন্নয়ন বিভাগ হতে অধিদপ্তর কর্তৃক স্থায়ীভাবে স্থাপিত পরিদর্শন (অবসারভেশন) নলকূপ রেজিস্টার করা হবে এবং যেসকল ইউনিয়নে এখন পর্যন্ত স্থায়ী পরিদর্শন নলকূপ স্থাপিত হয় নাই শুধুমাত্র সেই ইউনিয়নেই উপজেলা হতে অস্থায়ী পরিদর্শন (অবসারভেশন) নলকূপ রেজিস্টার করতে হবে।
৮. কোন ইউনিয়নে ইতিপূর্বে স্থাপিত স্থায়ী পরিদর্শন (অবসারভেশন) নলকূপ এর তথ্য রেজিস্ট্রেশন করা না পাওয়া গেলে গবেষণা ও উন্নয়ন বিভাগ এর মাধ্যমে রেজিস্ট্রেশন এর ব্যবস্থা করতে/জানাতে হবে। এক্ষেত্রে অস্থায়ী নলকূপ রেজিস্টার করা উচিত হবে না।
- ৯। প্রতি ইউনিয়নে কমপক্ষে ২ ধরনের স্থায়ী/অস্থায়ী পরিদর্শন (অবসারভেশন) নলকূপ রেজিস্ট্রেশন থাকতে হবে। পূর্বে রেজিস্টার করা হয়ে থাকলে সরাসরি উপরে ডান দিকে ‘Measured Data’ অপশনে চাপুন এবং ১৮ নং পয়েন্ট থেকে অনুসরণ করুন।
- ১০। টিউবওয়েল রেজিস্টার করার জন্য উপরে ডান দিকের ‘Observation well’ নামক অপশনটিতে চাপুন।
- ১১। ‘Register’ অপশন-টিতে চাপুন এবং পরবর্তী পেজটিতে ‘District’ এবং ‘Upazila’ অপশনে নামগুলো ঠিক আছে কিনা দেখে ‘Select’ বাটন-এ চাপুন।
- ১২। যে কোন ইউনিয়ন এর টিউবওয়েল রেজিস্টার করার জন্য ‘Water Point ID’ নামক কলাম বরাবর ‘Register well’ আইকন / লেখাটিতে চাপুন। সংগৃহীত তথ্য প্রদান করার জন্য।
- ১৩। ইউনিয়ন, গ্রাম ও টিউবওয়েল এর ধরণ নির্ধারণ করুন এবং ‘Select’ বাটন-এ চাপুন।

- ১৪। স্থাপনার তারিখ, ভূমির ধরণ, মালিকানা, পানির উৎসের ধরণ ও সিরিয়াল নম্বর সাবধানতার সাথে প্রদান করুন।
- ১৫। ‘Water Point ID’ নামক ঘরটির পাশে ‘Generate Water Point ID’ অপশন-টিতে চাপার মাধ্যমে ‘পানির উৎস নং’ উৎপন্ন করুন। Parapet Height / প্যারাপেট উচ্চতা বুঝতে না পারলে নীচের চিত্র দেখুন।
- ১৬। অন্যান্য ঘরগুলোতে যথাযথ তথ্য সমূহ যথাযথ স্থানে প্রদান করুন এবং ‘Submit’ বাটন টিতে ক্লিক করুন।
- ১৭। টিউবওয়েল রেজিস্ট্রেশন হয়ে গেলে উপরে ডান দিকে ‘Measured Data’ অপশনটিতে চাপুন।
- ১৮। ‘Enter’ বাটনে চাপুন।
- ১৯। নির্দিষ্ট সাল ও মৌসুম নির্বাচন করুন। জেলা এবং উপজেলার নাম ঠিক আছে কিনা দেখে ‘Select’ বাটন-টিতে চাপুন।
- ২০। এরপর পানির স্থিতিতল ও গুণগত মান (আপাতত optional) এর তথ্য প্রদান করুন।
- ২১। তথ্যগুলো সংরক্ষিত রাখার জন্য অথবা তথ্য প্রদানে বিরতি নিয়ে পুনরায় একই স্থান থেকে শুরু করতে চাইলে নিচে ‘Save’ বাটন-এ চাপুন।
- ২২। প্রদানকৃত তথ্য চূড়ান্ত করতে ‘Submit’ বাটন-টি চাপুন।
- ** পানির স্থিতিতল ও গুণগত মানের তথ্য দেয়ার পূর্বে অবশ্যই একটি ইউনিয়নে ২ ধরনের টিউবওয়েল রেজিস্টার করতে হবে।**
- ** সকল ইউনিয়নের কমপক্ষে ২ ধরনের টিউবওয়েল রেজিস্ট্রেশন এবং ডাটা প্রদানের পরেই কেবল তথ্য সাবমিট করা যাবে।**
- ** নির্দিষ্ট কিছু উপজেলার ক্ষেত্রে মাত্র এক ধরনের টিউবওয়েল রেজিস্ট্রেশন করলেই হবে। এ ক্ষেত্রে, সেই নির্দিষ্ট উপজেলাগুলো ঢাকা ডিপিএইচই এর গবেষণা ও উন্নয়ন বিভাগের সাথে যোগাযোগ করবে।**

Figure of an observation well

